



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/26/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল সারাটোগা স্প্রিংসয়ের ইউনিয়ন অ্যাভিনিউকে 'ম্যারিলু হুইটনি ওয়ে' হিসেবে আখ্যা দিলেন

**বিধিমালা S.6738-A/A.7625-A সারাটোগা স্প্রিংস সিটিতে স্টেট হাইওয়ে সিস্টেমের একটি অংশকে ম্যারিলু হুইটনির প্রতি উৎসর্গ করে**

গভর্নর ক্যাথি হোকল আজকে সারাটোগা স্প্রিংস সিটিতে স্টেট হাইওয়ে সিস্টেমের একটি অংশকে 'ম্যারিলু হুইটনি ওয়ে (Marylou Whitney Way)' হিসেবে আখ্যা দিলেন। এটি পূর্বে গভর্নর হোকলের স্বাক্ষর করা বিধিমালার (S.6738-A/A.7625-A) অনুবর্তী যা সারাটোগা স্প্রিংসের ইউনিয়ন অ্যাভিনিউকে (Union Avenue) ম্যারিলু হুইটনির প্রতি উৎসর্গ করে।

"সারাটোগার প্রতি ম্যারিলু হুইটনির বহু বছরের নিবেদন চিরদিন টিকে থাকবে, তার সারাজীবন করা কাজের মধ্যে প্রতিফলিত হয়ে," **গভর্নর হোকল বলেন।** "তিনি মহান ভাবমূর্তির, তার সময়ের একজন প্রবর্তক, এবং তার স্মৃতি এখানকার একটি স্থায়ী লিগেসি হয়ে থাকবে এবং আমি আজকে তার এত ভালোবাসার শহরের একটি অংশকে তার প্রতি উৎসর্গ করতে পেরে সম্মানিত বোধ করছি। আমি হুইটনি পরিবারকে ধন্যবাদ জানাচ্ছি এখানে তাদের অব্যাহত কাজের জন্য এবং আমি বহু মানুষের কিংবদন্তি ও বন্ধু ম্যারিলুকে সেভাবেই মনে রাখতে পেরে কৃতজ্ঞ।"

ম্যারিলু হুইটনি সারাটোগা এলাকা এবং ঘোড়দৌড় সম্প্রদায়ের মুখ্যদের একজন ছিলেন। তিনি ব্যাকস্ট্রিচ কর্মী এবং অবসরপ্রাপ্ত থরোরোডদের পক্ষে দানশীল প্রচেষ্টায় কিংবদন্তি অর্জন করেছেন এবং তিনি আজকের সারাটোগা কাউন্টির আকৃতি প্রদানে অত্যাবশ্যকীয় ভূমিকা রেখেছেন। তিনি সারাটোগা রেসকোর্স (Saratoga Race Course) খোলা রাখা নিশ্চিত করতে মুখ্য ভূমিকা পালন করেছেন, এবং তার ঘোড়াগুলি অনেক দশক ধরে নিউ ইয়র্ক রেসিং অ্যাসোসিয়েশন (New York Racing Association, NYRA) সার্কিটে প্রতিযোগিতা করেছে, বেলমন্ট (Belmont) এবং ট্রেভার্স স্টেকসে (Travers Stakes) বিজয় নিয়ে এসেছে।

**নিউ ইয়র্ক রেসিং অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডেভিড ও'রক বলেন,** "সারাটোগা রেসকোর্সের অব্যাহত সাফল্যের জন্য ম্যারিলু হুইটনির মতো অবদান আর কারো নেই। NYRA তার স্মৃতির উদ্দেশ্যে ক্লাবহাউজের প্রবেশ উৎসর্গ করার মাধ্যমে ক্রীড়া ও সারাটোগার প্রতি মিসেস হুইটনির চিরস্থায়ী অবদান উদযাপন করতে পেরে সম্মানিত হয়েছি। এবং এখন আজকে, ম্যারিলু হুইটনি ওয়ে ইউনিয়ন অ্যাভিনিউ সংলগ্ন পথে

সারাটোগার গেটওয়ে হিসেবে কাজ করবে, এটি মিসেস হুইটনির লক্ষণীয় জীবন ও লিগেসিকে সম্মান জানানো অব্যাহত রাখার একটি দারুণ মানানসই উপায়।"

**স্টেটের সিনেটর ড্যাফনি জর্ডান বলেন,** "এটি খুবই মানানসই যে I-87 এবং সারাটোগা স্প্রিংস সিটির ইস্ট অ্যাভিনিউয়ের মধ্যকার স্টেট রুট 9-P, যা রেসকোর্সে নিয়ে যায় এবং রেসকোর্স সংলগ্ন, এটিকে ম্যারিলু হুইটনি ওয়ে হিসেবে আখ্যা দেওয়া হচ্ছে। আমাদের ঐতিহাসিক, বিশ্বমানের সারাটোগা রেসকোর্সটি ম্যারিলু হুইটনির উদারতা দ্বারা আকৃতি, শক্তি এবং সমর্থন পেয়েছে। তার অ্যাডভোকেসি রেসকোর্সকে খোলা থাকতে সাহায্য করেছে এবং সারাটোগা মিটে বার্ষিক মিলিয়নের বেশি আকৃষ্ট করতে সাহায্য করেছে। তার ঘোড়াগুলি ট্রেভার্স স্টেকসে নিয়মিত অংশ হিসেবে স্বীকৃত হত এবং তিনি একজন মালিক হিসেবে বিজয় পেয়েছেন এবং তার একটি বিশিষ্ট ক্যারিয়ার ছিলো। এছাড়াও ম্যারিলু একজন বিশিষ্ট ব্যক্তিত্ব ছিলেন যিনি ব্যাকস্ট্রেক কর্মী এবং অবসরপ্রাপ্ত থরোব্রেডদের পক্ষে দানশীল ভাল কাজ করেছেন। পাশাপাশি, তিনি সারাটোগা পারফর্মিং আর্টস সেন্টারের (Saratoga Performing Arts Center, SPAC) প্রতিষ্ঠাতা সদস্য ছিলেন, জাতীয় নাচের জাদুঘর (National Museum of Dance) প্রতিষ্ঠায় সাহায্য করেছেন, জাতীয় রেসিং জাদুঘর (National Museum of Racing) পুনর্বাসনে কাজ করেছেন এবং সারাটোগা হাসপাতালে (Saratoga Hospital) বহু বছরের সমর্থন প্রদান করেছেন। ম্যারিলু হুইটনি ওয়ে চিরকাল ম্যারিলু হুইটনির এবং সারাটোগা স্প্রিংসে তিনি যে অবদান রেখে গেছেন তার সাথে সংশ্লিষ্ট থাকবে। আমি গভর্নর হোকলকে আজকে এই আখ্যা উদযাপন করার জন্য এবং আমার সিনেট বিল S6738A স্বাক্ষর করে এটিকে বাস্তবে পরিণত করার জন্য ধন্যবাদ জানাচ্ছি। এছাড়াও আমি আমার আইনসভার সহকর্মী, অ্যাসেম্বলিওয়ম্যান ওয়রনারকে ধন্যবাদ জানাচ্ছি, অ্যাসেম্বলিতে এর সহযোগী বিলাটি পাশ করানো নিশ্চিত করার জন্য।"

**অ্যাসেম্বলি সদস্য ক্যারি ওয়রনার বলেন,** "ম্যারি লু হুইটনি, যাকে 2019 সালে জাতীয় রেসিং হল অফ ফেমে (National Racing Hall of Fame) "পিলার অফ দ্য টার্ন" স্বীকৃতি দেয়, দীর্ঘদিন ধরেই সারাটোগা স্প্রিংসের থরোব্রেড রেসিংয়ের প্রতিশব্দ হয়ে আছেন। একজন থরোব্রেড ব্রিডার, রেসিং ক্রীড়ার একজন প্রচারক, এবং দানশীল হিসেবে আমাদের শহরে এবং রেসিং ক্রীড়াতে মিসেস হুইটনির প্রভাব বেঁচে থাকবে। আমি আমাদের সময়ের মহান নারীদের একজনের জন্য এই সম্মাননা স্থাপন করতে পেরে আনন্দিত।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)